গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় ঃ উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
তারিখ ঃ ০৫/০৪/২০২২ খ্রিঃ।
সময় ঃ বেলা-১১.০০ টা।
স্থান ঃ কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি ঃ কৃষ্ণপদ ঘোষ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই তিনি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভার কার্য পরিচালনার জন্য সকল সদস্যকে আহবান করেন। অতঃপর আলোচ্য সূচী মোতাবেক সভা পরিচালনার জন্য তিনি নবাগত উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ জানান।

০২। সভায় বিগত ০৬/০৩/২০২২খ্রি. মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা ঃ বিভাগীয় আলোচনার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কালিয়া উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভাপতিদের তাদের কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশগুলি এজেন্ডাভিত্তিক মাসিক সভায় উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করেন। এ ছাড়া তিনি সকল সদস্য (ভোটিং ও নন-ভোটিং)-কে উপজেলা পরিষদ ম্যানুয়েল ভালোভাবে পড়ে তাদের দায়িত্ব সম্পর্কে জানার জন্য বিশেষভাবে পুনঃঅনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্য সূচী মোতাবেক আলোচনা করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা প্রকৌশল অধিদপ্তর	উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি খাতের প্রথম কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। প্রথম কিস্তির বরাদ্দকে চারগুন করে সম্ভাব্য প্রাপ্তি ধরে প্রকল্প গ্রহণ পূর্বক প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে এবং টেন্ডারের মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পের কাজ প্রায় শেষ পর্যায়ে। টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পের বিপরীতে কার্যাদেশ প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদার প্রকল্পের কাজ শুরু করেছেন। তিনি সংশ্লিষ্ট সকলকে কাজের গুনগত মান ও পরিমান বজায় রাখার বিষয়ে নিয়মিত তদারকী করার জন্য অনুরোধ করেন। বাস্তবায়নকৃত প্রকল্পের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।	বিস্তারিত আলোচনান্তে এডিপি-এর অর্থায়নে ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়িত প্রকল্পসমূহ নিয়মিত তদারকী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া
ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল।	ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি সভাকে জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। সভায় উপস্থাপনযোগ্য কোন আলোচনা নেই।	বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজের বিষয়ে আরো গতিশীলতা আনয়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল।
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া সভায় উপস্থিত। তিনি জানান যে, কালিয়া উপজেলা পরিষদের অভ্যন্তরে বেনবেইস কর্তৃপক্ষের মাধ্যমে একটি ভবন নির্মাণ কাজ শুরু হয়েছে। কাজ শুরুর প্রাক্কালে নির্ধারিত স্থানে ০২টি বিদ্যুতের খুটি এবং ৩/৪টি মেহগনি গাছ রয়েছে। বিদ্যুতের খুটি এবং গাছ অপসারণ করা না হলে ভবনের নির্মাণ কাজ বাস্তবে আরম্ভ করা যাচ্ছে না বা ঠিকাদার তার কাজ শুরু করতে পারছেন না। তিনি সভার মাধ্যমে পরিষদের মেহগনি গাছ ও বিদ্যুতের খুটি অপসারণ করার বিষয়ে সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।	বিস্তারিত আলেচনান্তে বিদ্যুতের খুটি অপসারণ করার বিষয়ে বিদ্যুৎ বিভাগকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয় এবং পরিষদের অভ্যন্তরের মেহগনি গাছ অপসারণের বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ফরেষ্টার, কালিয়াকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়াকে সংশ্লিষ্ট ০২টি বিভাগের	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া
প্রকল্প বাস্তবায়ন অফিস	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২১০-২২ অর্থ বছরে টিআর, কাবিখা, কাবিটা, ৪০দিনের কর্মসৃজন কর্মসূচীর আওতায় কোন বরাদ্দ এখনও পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া সাপেক্ষে ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। সভায় উপস্থাপনযোগ্য আর কোন আলোচ্য বিষয় নেই।	বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজের বিষয়ে আরো গতিশীলতা আনয়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। মাসিক সভায় উপস্থাপন যোগ্য কোন আলোচ্য বিষয় নেই। বর্তমান মৌসুমে এ উপজেলায় কোন সারের সংকট নেই এবং আগামী ২/১ মাসের মধ্যে সারের সংকট হওয়ার কোন সম্ভাবনাও নেই। তিনি আরো বলেন যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস মোকাবেলায় কৃষি বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী সরকারের বিভিন্ন নির্দেশনা প্রতিপালন করেছেন এবং সাধারণ জনগন যাতে স্বাস্থ্যবিধি মেনে চলেন সে বিষয়ে গুরুত্বেও সাথে কাজ করেছেন। ভবিষ্যতেও সরকারের যে কোন ধরণের সিদ্ধান্ত মাঠ পর্যায়ে প্রতিপালনে গ্রণী ভূমিকা পালন অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক।	১। বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল।
উপজেলা পরিবার পরিকল্পনা অফিস	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেছে। চীরেই বরাদ্দ পাওয়া যাবে। বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে উপজেলা পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। তিনি জানান যে, বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিস যথাযথভাবে প্রতিপালন করছেন এবং মানুষকে নিরলসভাবে সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রেখেছেন যা অব্যাহত আছে ও থাকবে। তিনি জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক।	বিস্তারিত আলোচনান্তে , বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিসকে যথাযথভাবে প্রতিপালনের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
উপজেলা শিক্ষা অফিস	উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে প্রাথমিক বিদ্যালয় সমূহ খুলে পাঠদান কার্যক্রম চলমান আছে। চলতি রমজানে মাসেও শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে। ঈদের ৪/৫ দিন পূর্বে শিক্ষা প্রতিষ্ঠান ছুটি প্রদান করা হবে। তিনি আরো জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা/ পাঠ বিমুখ না হয়ে পড়ে সে দিকে লক্ষ্য রেখে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু করার প্রচেষ্টা রয়েছে। এ ছাড়া ক্লাস্টার ভিত্তিক শিক্ষকবৃন্দ স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা কার্যক্রমের মধ্যে থাকে সে বিষয়ে শিক্ষা দপ্তরের মাধ্যমে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। সরকারি সিদ্ধান্ত পাওয়া গেলেই পুনরায় শিক্ষা প্রতিষ্ঠানে নবউদ্যোমে শিক্ষা কার্যক্রম চালু করার জন্য শিক্ষা বিভাগ সম্পূর্ণ প্রস্তুত আছে।	বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সচল রাখার জন্য অনলাইন শিক্ষা কার্যক্রম পুরোদমে চালু করাসহ শিক্ষকবৃন্দ স্ব স্ব ক্লাস্টার এলাকার অভিভাবকদের সাথে মোবাইলের মাধ্যমে শিক্ষার্থীদের লেখাপড়ার খোজ-খবর নেয়ার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল।
উপজেলা সমাজসেবা অফিস	উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল সভাকে জানান যে, তৃতীয় কিস্তির বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতা ও উপবৃত্তির, বেদে ভাতা ও উপবৃত্তি, অনগ্রসর ভাতা ও উপবৃত্তির পেরোল প্রদান করা হয়েছে। ঈদের আগেই সংশ্লিষ্ট ভাভোগীর হিসাবে ভাতার টাকা পৌরছ যাবে মর্মে সদর কার্যালয় হতে জানানো হয়েছে। দ্বিতীয় কিস্তির বয়স্ক ভাতার ১০৬ জন, বিধবা ভাতার ১৮৭ জন এবং প্রতিবন্ধী ভাতার ৪৫জনের অর্থ তাদের হিসাবে না ঢুকে বাউন্স ব্যাক হয়েছে, যা সংশোধন করে পাঠানো হয়েছে। প্রতি তিন মাস পর পর মৃত ভাতাভোগী প্রতিস্থাপন করে চিঠি দিতে হবে মর্মেও তিনি সভার মাধ্যমে সংশ্লিষ্টদের অবহিত করেন।অন্যথায় মৃত ভাতাভোগীর হিসাবে টাকা গেলে ইউনিয়ন কমিটিকে দায়িত্ব নিতে হবে। ভাতাভোগীর মোবাইল নম্বর পরিবর্তনের জন্য স্বশরীরে উপস্থিত হয়ে নম্বর পরিবর্তন করতে হবে। অন্যথায় নম্বর পরিবর্তন করতে হলে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানের প্রত্যয়ন/সত্যয়ন করে আনতে হবে। উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল সভাবে আরো জানান যে, বিকাশের একমাত্র কাষ্টমার কেয়ার নড়াইল থাকায় ভাতাভোগীদের পক্ষে সেখানে গিয়ে সেবা নিতে অনেক কষ্ট স্বীকার করতে হয়। তাই কালিয়া উপজেলা সদরে একটি কাষ্টমার কেয়ার স্থাপনের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল-এর প্রস্তাবমতে কালিয়া উপজেলা সদরে একটি কাষ্টমার কেয়ার সেন্টার স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা সমাজসেবা অফিসার প্রয়োজনীয় পদক্ষেপ / যোগযোগ স্থাপন করে ব্যবস্থা গ্রহণ করবেন মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়। কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল।
উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর	উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের মাধ্যমে যুবক ও যুবা মহিলাদের আত্নকর্মসংস্থান নিশ্চিত করার লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া যারা যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণ করছেন তাদের ঋণ প্রদান করা হচ্ছে। ঋণ গ্রহীতারা যাতে করে আত্নকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হতে পারে সে বিষয়ে মাঠ পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রেখেছেন। তিনি আরো জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক।	দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	
উপজেলা মহিলা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের মাধ্যমে বাস্বায়িত মহিলাদের প্রশিক্ষণ, মাতৃত্বভাতা প্রদান, ভিজিডি প্রদান কার্যক্রম	বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কাজে আরো গতিশীলতা আনয়নের বিষয়ে সভার	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,